

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

৮৯/২, কাকরাইল, ঢাকা।

কল্যাণ তহবিল-৪৯৬৪/২০০১-২০০৫ (অংশ-২)/ ৩০৭

তারিখ ০৭/০৭

বিষয় : ঢাকাস্থ ভাটারা, গুলশানে (নর্থ বারিধারা) নির্মাণাধীন ওয়েজ আর্নাস হাউজিং কমপ্লেক্সের ফ্ল্যাট বরাদ্দ প্রসঙ্গে।

প্রবাসী বাংলাদেশীদের আবাসনের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ওয়েজ আর্নাস কল্যাণ তহবিলের অর্থদ্বারা ঢাকাস্থ ভাটারা, গুলশানে (নর্থ বারিধারা) নির্মাণাধীন ওয়েজ আর্নাস হাউজিং কমপ্লেক্সে এর ফ্ল্যাট সমূহ বৈদেশিক মুদ্রায় ক্রয় করতে আগ্রহী ওয়েজ আর্নাসদের নিকট বিক্রয়/বরাদ্দের নিমিত্তে গত ১৪/০৬/২০০৬ইং তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে বিদেশস্থ বাংলাদেশের বিভিন্ন দূতাবাস/মিশনের মাধ্যমে মোট ১৩৩৯টি আবেদন পাওয়া যায়। উল্লেখিত আবেদনকারীরা ফ্ল্যাট বরাদ্দের সর্বশেষ অবস্থা জানার জন্য সম্প্রতি দূতাবাস ও মিশন সমূহে যোগাযোগ করেছে এবং এ প্রেক্ষিতে ফ্ল্যাট বরাদ্দের সর্বশেষ অবস্থা জানার জন্য দূতাবাস ও মিশন সমূহ হতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে ও জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোতে অনুরোধ পত্র পাওয়া যাচ্ছে। এমতাবস্থায়, ওয়েজ আর্নাস কল্যাণ তহবিলের অর্থদ্বারা নির্মিতব্য ফ্ল্যাট সমূহের বিষয়ে বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস ও মিশন সমূহকে নিম্নোক্ত তথ্য আবেদনকারীদেরকে জানানোর জন্য প্রদান করা হলো :

- ১) ইতিমধ্যে প্রকল্পের মাত্র ১০%-১১% কাজ সম্পন্ন হয়েছে। প্রস্তাবিত ৬টি বিল্ডিং এর মধ্যে ১টি লেভেল-০২ পর্যন্ত, অন্য ১টি লেভেল-০১ পর্যন্ত এবং অপর ৪টি ভবনের কেবলমাত্র পাইলিং এর কাজ সম্পন্ন হয়েছে।
- ২) অপরদিকে বিভিন্ন কারন দেখিয়ে ঠিকাদার কিছুদিন কাজ বন্ধ করে রেখেছিল। বর্তমানে সীমিত আকারে কাজ চলছে। ইতিমধ্যে প্রবাসীদের মধ্যে ফ্ল্যাট বরাদ্দের জন্য লটারী করা হয়ে থাকলেও ঠিকাদার কর্তৃক আদালতে দুটি মামলা দায়ের করায় এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সম্ভবপর হচ্ছে না।
- ৩) বিষয়টির আশু সমাধানের লক্ষ্যে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ওয়েজ আর্নাস কল্যাণ তহবিল পরিচালনা বোর্ড ও মন্ত্রণালয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছে।
- ৪) ২২-০২-২০০৭ইং তারিখে অনুষ্ঠিত ওয়েজ আর্নাস কল্যাণ তহবিল পরিচালনা বোর্ডের ১৬০তম সভায় ফ্ল্যাট পাওয়ার জন্য আবেদনকারীদের মধ্যে কেহ তার প্রদত্ত জামানত ফেরত নেয়ার আবেদন করলে তা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক ফ্ল্যাট ক্রয়ের জন্য কোন আবেদনকারী জামানতের অর্থ ফেরত নিতে আগ্রহী হলে নিম্নেবর্ণিত কাগজপত্রাদি দাখিল সাপেক্ষে অর্থ ফেরত নিতে পারবেন :

বিদেশ অবস্থানের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র	বাংলাদেশে অবস্থানের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র
১) অর্থ জমাদানের বিষয়ে জনশক্তি ব্যুরো হতে প্রদত্ত রশিদের মূল কপি	১) অর্থ জমাদানের বিষয়ে জনশক্তি ব্যুরো হতে প্রদত্ত রশিদের মূল কপি
২) ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের ফটোকপি (যদি থাকে)	২) ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের ফটোকপি (যদি থাকে)
৩) সংশ্লিষ্ট দূতাবাস কর্তৃক সত্যায়িত প্রতিনিধি নিয়োগপত্র (নমুনা অনুযায়ী)	৩) আবেদনকারীর সত্যায়িত ১ কপি ছবি
৪) জামানত অর্থের চেক গ্রহণের সময় ১জন স্বাক্ষর প্রয়োজন হবে। কমিশনার/চেয়ারম্যান/প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক স্বাক্ষর পরিচয়পত্র ও তার সত্যায়িত ছবি ১ কপি দাখিল করতে হবে।	৪) জামানত অর্থের চেক গ্রহণের সময় ১জন স্বাক্ষর প্রয়োজন হবে। কমিশনার/চেয়ারম্যান/প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক স্বাক্ষর পরিচয়পত্র ও তার সত্যায়িত ছবি ১ কপি দাখিল করতে হবে।
৫) ৮৪/- (চার) টাকা মূল্যমানের রেভিনিউ স্ট্যাম্প ১টি।	৫) ৮৪/- (চার) টাকা মূল্যমানের রেভিনিউ স্ট্যাম্প ১টি।

মহাপরিচালকের পক্ষে

(ড. মোঃ কওসার)

পরিচালক (কল্যাণ)

ও

সদস্য সচিব

ওয়েজ আর্নাস কল্যাণ তহবিল পরিচালনা বোর্ড

প্রাপক :

মানাবর হাইকমিশনার/ রাষ্ট্রদূত/কনস্যুল জেনারেল  
বাংলাদেশ হাইকমিশন/দূতাবাস/কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ  
অস্ট্রেলিয়া/বাহরাইন/ব্রুনাই/কানাডা/ফ্রান্স/জার্মানি/ইটালী/ ইটালী  
(এক্সিভেটেড টু গ্রীস)/জাপান/সৌদি আরব (রিয়াদ, জেদ্দা)/লিবিয়া/  
কুয়েত/ মালয়েশিয়া/ওমান/ নেদারল্যান্ড/ কাতার/ সিঙ্গাপুর/  
কোরিয়া/স্পেন/সংযুক্ত আরব আমিরাত (আবুধাবী ও দুবাই)/  
যুক্তরাজ্য/মার্কিন যুক্তরাষ্ট্র (ওয়াশিংটন, নিউইয়র্ক)